

যুগান্তর

জাবিতে ২য় দিনের মতো শিক্ষকদের অর্ধ দিবস কর্মবিরতি

👤 জাবি প্রতিনিধি

🕒 ২৭ জুন ২০২৪, ০২:৪৯:৫৯ | [অনলাইন সংস্করণ](#)



সর্বজনীন পেনশন স্কিমে সংযুক্ত করে অর্থ মন্ত্রণালয়ের জারিকৃত প্রজ্ঞাপন প্রত্যাহার, প্রতিশ্রুত সুপারগ্রেডে বিশ্ববিদ্যালয় শিক্ষকদের অন্তর্ভুক্তি এবং শিক্ষকদের জন্য স্বতন্ত্র বেতনস্কেল প্রবর্তনের দাবিতে কর্মবিরতি পালন করছে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতি। বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের আহ্বানে টানা দ্বিতীয় দিন অর্ধদিবস কর্মবিরতি পালন করেছেন। এছাড়া ১লা থেকে সর্বাত্মক কর্মবিরতির ঘোষণা দিয়েছেন শিক্ষকরা।

বুধবার সকাল ৯টা থেকে দুপুর একটা পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের ৬টি অনুষদে এ কর্মসূচি পালিত হয়। পরে দুপুর ১২টা থেকে ১টা পর্যন্ত সমাজবিজ্ঞান অনুষদ প্রাঙ্গণে অবস্থান কর্মসূচি পালন করেন শিক্ষকরা।

অবস্থান কর্মসূচিতে শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মো. মোতাহার হোসেনের সঞ্চালনায় ছয়টি অনুষদ ও ইনস্টিটিউটের শিক্ষকরা বক্তব্য রাখেন। তারা দ্রুততম সময়ে এ পেনশন সংক্রান্ত প্রজ্ঞাপন প্রত্যাহারের দাবি জানান।

সমাজ বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক বশির আহমেদ বলেন, শিক্ষক হিসাবে সরকারের কাছ থেকে আমাদের পেনশন ছাড়া তেমন কোনো সুযোগ-সুবিধা নেই। সরকার নানা ক্ষেত্রে আমাদের চেপে ধরছে। এটা আমাদের ন্যূনতম অধিকার। অন্যান্য সরকারি আমলাদের মতো আমাদের তেমন বেনিফিট নেই। বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা অবহেলিত। পেনশন স্কিম বাতিলের দাবি জানান তিনি।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2024

